

২০২৪

বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস. পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠ্যক্রম)

দ্বিতীয় সেমিস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-2

[বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ) : গদ্যের বিকাশ,
সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব]

[CBCS]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি রূপক সাংকেতিক নাটকের নাম প্রকাশকাল-সহ লিপিবদ্ধ করো।
- খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি ঐতিহাসিক উপন্যাসের নাম প্রকাশকাল-সহ লিপিবদ্ধ করো।
- গ) বাংলায় প্রথম দৈনিক সংবাদপত্র কোনটি? প্রকাশকাল সহ সম্পাদকের নাম লেখো।
- ঘ) বাংলা কাব্যসাহিত্যে প্রথম আদর্শ সাহিত্যিক মহাকাব্য কে রচনা করেন? মহাকাব্যটির নাম উল্লেখ করো।

(পরের পাতায়)

- ঙ) কাব্যগ্রন্থগুলির রচয়িতাদের নাম লেখো :
বনলতা সেন, অগ্নিবীণা, সোনার তরী, সাধের আসন।
- চ) শব্দার্থ পরিবর্তনের দুটি কারণ দেখাও।
- ছ) 'লোকসাহিত্য' ও 'সাহিত্যের পথে' — প্রবন্ধ দুটির রচয়িতা কে? প্রবন্ধ দুটির প্রকাশকাল লেখো।
- জ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটির রচয়িতা কে? কত সালে গ্রন্থটি প্রকাশিত হয়?
- ঝ) ছোটগল্পকারদের নাম লেখো :
প্রাগৈতিহাসিক, তারিণী মাঝি, জলসাঘর, পুঁইমাচা।
- ঞ) 'বিজ্ঞানরহস্য' ও 'কমলাকান্তের দপ্তর' প্রবন্ধ গ্রন্থ দুটির রচয়িতা কে? প্রবন্ধ গ্রন্থ দুটির প্রকাশকাল লেখো।
- ট) নাট্যকারদের নাম লেখো :
নুরজাহান, চৈতন্যলীলা, শর্মিষ্ঠা, মুক্তধারা।
- ঠ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? তাঁর রচিত শ্রেষ্ঠ কাব্যগ্রন্থের নাম প্রকাশ-সহ লিপিবদ্ধ করো।
- ড) রাঢ়ী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- ঢ) ধর্ম > ধম্ম > ধাম — এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন ঘটেছে? এই ধ্বনি পরিবর্তন বাংলা ভাষার কোন্ বাংলার কালসীমায় দেখা যায়?
- ণ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত একটি সামাজিক উপন্যাস ও একটি রাজনৈতিক উপন্যাসের নাম প্রকাশকাল-সহ লেখো।

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) 'সবুজপত্র' পত্রিকাটি কে কত সালে সম্পাদনা করেন? বাংলা সাহিত্যে এই পত্রিকার গুরুত্ব বুঝিয়ে দাও।

- খ) বাংলা গদ্যের জনক কাকে বলা হয়? তাঁর কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।
- গ) টীকা লেখো (যে-কোনো দুটি) :
মধ্যস্বরলোপ, অপিনিহিতি, স্বরসঙ্গতি, সমীভবন।
- ঘ) ছোটগল্পকার তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।
- ঙ) উদাহরণসহ সাধু ও চলিত ভাষার পার্থক্য বুঝিয়ে দাও।
- চ) টীকা লেখো (যে-কোনো দুটি) :
স্বরভক্তি, অভিপ্রতি, নাসিকীভবন, বর্ণবিপর্যয়।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) বাংলা উপন্যাসের ধারায় রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্ব বুঝিয়ে দাও।
- খ) কালসীমা উল্লেখ করে প্রাচীন বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।
- গ) বাংলা গদ্যসাহিত্যে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৃতিত্ব ব্যাখ্যা করো।
- ঘ) বাংলা সাহিত্যে 'সাহিত্য সম্রাট' কাকে বলা হয়? বাংলা উপন্যাসে তাঁর কৃতিত্ব আলোচনা করো।